# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৫৯

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## اَلْفَصْلُ الثَّانِىْ

### আরবী

وَعَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مِنْ أَرَادَ أَنْ يَنَامَ عَلَى فِرَاشِهِ فَنَامَ عَلَى يَمِينِهِ ثُمَّ قَرَأَ مِائَةَ مَرَّةٍ (قل هُوَ الله أحد)
إِذا كَانَ يَوْم الْقِيَامَةِ يَقُولُ لَهُ الرَّبُّ: يَا عَبْدِي ادْخُلْ عَلَى يَمِينِكَ الْجَنَّةَ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

### বাংলা

২১৫৯-[৫১] আনাস (রাঃ) হতে এ হাদীসটিও বর্ণিত হয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ঘুমাবার জন্য বিছানায় যাবে এবং ডান পাশের উপর শোয়ার পর একশ’ বার সূরা ’কুল হুওয়াল্ল-হু আহাদ’ পড়বে, কিয়ামতের দিন প্রতিপালক আল্লাহ তা’আলা তাকে বলবেন, হে আমার বান্দা! তুমি তোমার ডান দিকের জান্নাতে প্রবেশ করো। (তিরমিযী; তিনি বলেছেন, হাদীসটি হাসান তবে গরীব।)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ২৮২৯৮, য‘ঈফ আত্ তারগীব ৩৪৮, য‘ঈফ আল জামি‘ ৫৩৮৯। কারণ এর সানাদে রাবী হাতিম ইবনু মায়মূন মুনকারুল হাদীস ।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: নিদ্রা গমনকালে সুন্নাত হলো ডান কাতে শোয়া। শয়নকালে এ নিয়মে যে শয়ন করবে এবং একশতবার সূরা ইখলাস পাঠ করবে আল্লাহ তা‘আলা তাকে ডানদিক দিয়ে জান্নাতে প্রবেশের নির্দেশ দিবেন। ‘আল্লামা নাবাবী (রহঃ) বলেন, ডান কাতে শয়নকারী ডান দিক দিয়ে জান্নাতে প্রবেশ করবে। আল্লাহ তা‘আলা বললেন, তুমি আমার রসূলের আনুগত্য করেছ, তার সুন্নাত অনুসরণে ডান কাতে শুয়েছ, আমার (শ্রেষ্ঠ অমুখাপেক্ষিতার) গুণ

সম্বলিত সূরা পাঠ করেছ। সুতরাং আজ তুমি ডান দিকের অধিবাসীদের অন্তর্ভুক্ত হয়ে ডান দিক দিয়ে জান্নাতে প্রবেশ কর।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56719

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন